

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৭৩

১৩/ সওম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৩/১১. সওমে বিসাল (বিরতিহীন রোয়া) এর নিষিদ্ধতা প্রসঙ্গে।

النَّهِيُّ عَنِ الْوَصَالِ فِي الصُّومِ

আরবী

حَدِيثُ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: وَاصْلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ آخِرَ الشَّهْرِ،
وَوَاصْلَ أَنَاسٌ مِنَ النَّاسِ، فَبَلَغَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: لَوْ مُدَّ بِي الشَّهْرُ
لَوَاصْلَتُ وَصَالًا يَدْعُ الْمُتَعَمِّقُونَ تَعْمَقُهُمْ؛ إِنِّي لَسْتُ مِثْكُمْ، إِنِّي أَظَلُّ يُطْعِمُنِي رَبِّي
وَيَسِّقِنِي

বাংলা

৬৭৩. আনাস (রাঃ) হতে বর্ণিত। (একটি) মাসের শেষাংশে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিরতিহীন রোয়া রাখলেন এবং আরো কতিপয় লোকও বিরতিহীনভাবে রোয়া পালন করতে লাগল। এ সংবাদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পৌছলে তিনি বললেনঃ যদি আমার এ মাস দীর্ঘায়িত হত, তবুও আমি এভাবে বিরতিহীন রোসা রাখতাম। যাতে অধিক কষ্টকারীরা তাদের কষ্ট করা ছেড়ে দেয়। আমি তো আমাদের মত নই, আমার প্রতিপালক আমাকে আহার করায় এবং পান করায়।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৯৪ ; কামনা, অধ্যায় ৯, হাঃ ৭২৪১; মুসলিম, পর্ব ১৩: সওম, অধ্যায় ১১, হাঃ ১১০৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83901>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন